



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)  
প্রশিক্ষণ-৩ শাখা  
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫  
www.napd.gov.bd



নং ২০.০৭.০০০০.০০৬.০২.০০৩.২০-৫৪৪

তারিখ : ১৯ আশ্বিন, ১৪২৭  
০৪ অক্টোবর, ২০২০

বিষয় : জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে “উন্নয়ন পরিকল্পনা বিষয়ক পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (৩৩তম ব্যাচ)” শীর্ষক ১ বছর (জানুয়ারি-ডিসেম্বর, ২০২১) মেয়াদী সাক্ষ্যকালীন মিশ্র পদ্ধতিতে (অনলাইন ৮০%+২০% ক্যাম্পাস ভিত্তিক) কোর্সে কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। বর্তমানে দেশের আর্থ সামাজিক উন্নয়ন লক্ষ্যমাত্রা Vision 2021 এবং Vision 2041 বাস্তবায়নের লক্ষ্যে দেশ আজ উন্নয়নের মহাসড়কে ধাবমান। এ লক্ষ্য পূরণের অন্যতম অনুষ্ঠান হলো কার্যকর প্রকল্প ব্যবস্থাপনা। বর্তমানে সরকারি সিদ্ধান্ত মোতাবেক ইকনমিক ক্যাডার প্রশাসন ক্যাডারের সাথে একীভূত হওয়ায় প্রশাসনের সকল কর্মকর্তাকেই প্রকল্প ব্যবস্থাপনার দায়িত্ব পালন করতে হবে। এ জন্য প্রয়োজন প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে সঠিক ও সুষ্ঠু জ্ঞান ও দক্ষতা। বর্তমানে প্রকল্পের সংখ্যা অধিকহারে বৃদ্ধি পাচ্ছে কিন্তু প্রকল্পের জ্ঞানসমৃদ্ধ দক্ষ কর্মকর্তার সংখ্যা বাড়ছে না। ফলে প্রকল্প যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। বর্তমানে এমন কোন অফিস বা কর্মকর্তা নেই যিনি কোন না কোনভাবে প্রকল্পের সাথে জড়িত নন, কিন্তু ডিপ্লোমা প্রণয়ন ও প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে অনেকের কোন ধারণাই নেই। এ লক্ষ্য পূরণের উদ্দেশ্যে এবং দিবা কোর্সে কর্মকর্তাগণের অংশগ্রহণ সমস্যা হয়, তা বিবেচনা করে প্রকল্প ব্যবস্থাপনায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি সাক্ষ্যকালীন একটি কার্যকর স্বাতন্ত্র্যের ডিপ্লোমা আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় “উন্নয়ন পরিকল্পনা বিষয়ক পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা” শীর্ষক (১৩০ কর্মদিবস মেয়াদী) প্রশিক্ষণ কোর্সটির ৩৩তম ব্যাচ আগামী জানুয়ারি-ডিসেম্বর, ২০২১ মেয়াদে অনুষ্ঠিত হবে। বর্তমান তথ্য যোগাযোগ প্রযুক্তির প্রভূত উন্নতির ফলে এবং ডিজিটাল বাংলাদেশের অভিপ্রায়ে একাডেমি কোর্সটির ৮০% কার্যক্রম অনলাইনে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বাকী ২০% কার্যক্রম বিশেষ করে অনুলীখন ও গ্রুপ ভিত্তিক কার্যক্রম ক্যাম্পাস ভিত্তিক অনুষ্ঠিত হবে। কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো :

- (ক) প্রশিক্ষণার্থীর পর্যায় : সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, ব্যাংক ও উন্নয়নমূলক বেসরকারি সংস্থাসমূহের কর্মকর্তাবৃন্দ।
- (খ) শিক্ষাগত যোগ্যতা : বিএ/স্নাতক (সম্মান)/সমমান।
- (গ) পাঠ্যক্রমের মেয়াদ : ০১ বছর, সপ্তাহে ০৩ দিন (রবি, মঙ্গল, বুধবার) (প্রয়োজন অনুযায়ী সপ্তাহে ০৪ দিন হতে পারে)
- (ঘ) ক্লাশের সময়সূচি : সন্ধ্যা ০৭:৩০ - ০৯:৩০ (পরিবর্তনশীল)
- (ঙ) পাঠ্যক্রম ফি : এই কোর্সের জন্য জনপ্রতি কোর্স ফি (ড্যাট বাদ দিয়ে প্রদেয়) ৬৫,০০০.০০ (পয়ষট্টি হাজার) টাকা। মনোনীত কর্মকর্তাদের নিবন্ধনের সময় উক্ত কোর্স ফি নগদে অথবা ক্রেস্ট চেকের মাধ্যমে 'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), এর অনুকূলে পরিশোধ করতে হবে।
- (চ) পাঠ্যক্রমের উদ্দেশ্য :  
a. To create efficient workforce for successful attainment of socio-economic development of the country.  
b. To equip the participants with most recent techniques of planning, project management as well as theoretical and practical knowledge of basic economics & research; and  
c. To orient them with recent issues of the global economy.
- (ছ) পাঠ্যসূচি :  
Module-01: Basic Economics;  
Module-02: Theories and Models of Economic Development;  
Module-03: Economy of Bangladesh;  
Module-04: Development Planning in Bangladesh;  
Module-05: Mathematics & Statistics for Planners;

Module-06: Research Methodology;  
Module-07: Special Issues Relating to Development;  
Module-08: Appraisal & Formulation of Development Project;  
Module-09: Financial Management of Development Project;  
Module-10: Implementation Monitoring and Impact  
Evaluation of Ddevelopment Projects

(জ) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ৩০ জন।

(ঝ) মনোনয়নের শেষ : ০৯ ডিসেম্বর, ২০২০ (বৃহস্পতিবার)।  
তারিখ

(ঞ) মনোনয়ন প্রেরণ : কোর্স পরিচালকের নিকট সরাসরি মনোনয়ন প্রেরণ করা যাবে।

(ট) পাঠ্যক্রমে যোগদান : মনোনীত কর্মকর্তাদের আগামী ০৩ জানুয়ারি ২০২১ তারিখ রবিবার বিকাল ০৬:৩০ টায় কোর্স পরিচালক অথবা কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষক, জনাব মোঃ রমজান আলী এর নিকট online-এ যুক্ত হয়ে রিপোর্ট করতে হবে।


(ঠ) শিক্ষা সফর প্রশিক্ষণ কারিকুলামে শিক্ষা সফর অন্তর্ভুক্ত আছে। উক্ত শিক্ষা সফর দেশে অথবা বিদেশে হতে পারে। শিক্ষা সফরটি বিদেশে হলে প্রশিক্ষণার্থীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অথবা প্রশিক্ষণার্থীরা নিজে শিক্ষা সফরের ব্যয়ভার বহন করবেন।

(২) কোর্সটির ক্ষেত্রে ৮০% কার্যক্রম অনলাইনে সম্পাদন হবে। সেহেতু প্রশিক্ষণার্থীবৃন্দ স্ব স্ব কর্মস্থলে থেকে কোর্সটির অধিকাংশ অংশ সম্পাদন করতে পারবেন। আবার কোর্সটি সাক্ষ্যকালীন বিধায় প্রশিক্ষণার্থীদের অফিসিয়াল কর্মসম্পাদনে কোন বিঘ্ন সৃষ্টি হবে না। তদুপরি, বছরে ৬০ ঘন্টার প্রশিক্ষণ নেয়ার একটি বাধ্যবাধকতা রয়েছে বিধায় অফিস প্রধান এ প্রশিক্ষণে কর্মকর্তার মনোনয়ন দিতে পারেন।

(৩) উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী বা কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষক, জনাব মোঃ রমজান আলী এর সাথে (মোবাইল: ০১৮১৬-২৬৪০৪৬, ইমেইল: ramjan.napd@gmail.com) যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে নিম্নোক্ত লিংকে [http://training.napd.ac.bd/course\\_registration.php?cid=142&menu=Course%20Registration%20of%20Post%20Graduate%20Diploma%20in%20Dvelopment%20Planning%20Detail](http://training.napd.ac.bd/course_registration.php?cid=142&menu=Course%20Registration%20of%20Post%20Graduate%20Diploma%20in%20Dvelopment%20Planning%20Detail) ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Submit করা যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থলের ঠিকানা	ফোন নম্বর	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা
--------------	-----------------------	-------------------	-----------	--------------	---------------

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
মোঃ হাসান তারিক

পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ও  
কোর্স পরিচালক

ফোন: (০২) ৯৬৭২৩৫৭

ফ্যাক্স: (০২) ৫৮৬১৫৬৯৫

ই-মেইল: dir.research@napd.gov.bd